| কারা অধিদপ্তর | | |
|---|---|---|
| অতিঃ কা ম প | | ☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন<br>☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন<br>☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন<br>☐ আলোচনা করুন<br><br>কারা মহাপরিদর্শক |
| কা উ ম প (সঃদ) | | |
| স কা ম প (প্রশাঃ) | | |
| স কা ম প (অর্থ/আইঃ) | | |
| স কা ম প (উন্নঃ) | | |
| স কা ম প (পরিঃ/প্রশিঃ) | | |
| এস ও/পিএ | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
কারা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০৮৪.৯৭.০২৫.১৮.৪২২

তারিখ: ০৬কার্তিক ১৪৩০ / ২২ অক্টোবর ২০২৩

প্রজ্ঞাপন

জনাব এ, কে, এম, ফজলুল হক, কারা উপ মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০৫ নভেম্বর ২০২৩ তারিখে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ছুটির প্রাপ্যতা সাপেক্ষে সরকারি চাকরি আইন-২০১৮ এর ৪৭ অনুচ্ছেদ মোতাবেক ০৬ নভেম্বর ২০২৩ হতে ০৫ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ১(এক) বৎসর অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো এবং ০৫ নভেম্বর ২০২৪ তারিখে তিনি চূড়ান্ত অবসর গ্রহণ করবেন।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

যোগাযোগ শাখা
23 OCT 2023

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
(তাহ্‌নিয়া রহমান চৌধুরী)
উপসচিব
ফোন-+৮৮০-২-৯৫৫০০১৭
E-mail: jail1@ssd.gov.bd

স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০৮৪.৯৭.০২৫.১৮.৪২২/(৬)

তারিখ: ০৬কার্তিক ১৪৩০ / ২২ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হিসাব ভবন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। জনাব এ, কে, এম, ফজলুল হক, কারা উপ মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

(তাহ্‌নিয়া রহমান চৌধুরী)
উপসচিব

<u>কারা অধিদপ্তর, ঢাকা</u>

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.০৫.০০৮.২০২৩- ৪৯৬

তারিখ: ১০ কার্তিক ১৪৩০ / ২৬ অক্টোবর ২০২৩

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখার প্রজ্ঞাপন নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৭.০২৫.১৮.৪২২ তারিখ: ২২/১০/২০২৩ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো;

<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. বিভাগীয় কমিশনার, ঢাকা;
২. জেলা প্রশাসক, ঢাকা;
৩. জনাব এ. কে. এম. ফজলুল হক, কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ। কারা উপ মহাপরিদর্শক এর দায়িত্বভার কারা অধিদপ্তরের কারা উপ মহাপরিদর্শক (অতিঃ দায়িত্ব) জনাব মোসাঃ নাহিদা পারভীন এর নিকট অর্পণ করতঃ যথাসময়ে অবসর ও পিআরএল গমনের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৪. জনাব মোসাঃ নাহিদা পারভীন, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া) এবং কারা উপ-মহাপরিদর্শক(অতিঃ দায়িত্ব) কারা অধিদপ্তর, ঢাকা। নিয়মিত কারা উপ-মহাপরিদর্শক পদায়ন না করা পর্যন্ত নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে ঢাকা বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকের সাময়িক দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো।
৫. কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ। উক্ত কারা উপ-মহাপরিদর্শকের নিকট কোনো অডিট আপত্তি এবং সরকারি পাওনা রয়েছে কিনা তা কারা অধিদপ্তরকে অবিলম্বে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। একইসাথে বিধি মোতাবেক তাঁর প্রাপ্য সকল পাওনাদি পরিশোধের জন্য নির্ভুল প্রস্তাব যথাসময়ে কারা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।
৬. কারা উপ-মহাপরিদর্শক, সিলেট/চট্টগ্রাম বিভাগ। জনাব এ. কে. এম ফজলুল হক, কারা উপ-মহাপরিদর্শক বিভাগীয় দপ্তরে কর্মরত থাকাকালীন কোনো সরকারি/ব্যক্তিগত পাওনা এবং কোনো অডিট আপত্তি রয়েছে কিনা তা অবিলম্বে কারা অধিদপ্তরের অবগতির মাধ্যমে ঢাকা বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শক এর দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হিসাব ভবন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা;
৮. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার (ই-মেইলযোগে);
৯. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। প্রজ্ঞাপনটি কারা অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
১২. শাখা প্রধান, অডিট শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। উক্ত কারা উপ-মহাপরিদর্শক এর নিকট কোনো অডিট আপত্তি রয়েছে কিনা তা অবিলম্বে সংস্থাপন-১ শাখাকে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১৩. শাখা প্রধান, আইন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। উক্ত কারা উপ-মহাপরিদর্শক এর বিরুদ্ধে কোনো অভিযোগ/বিভাগীয় মামলা/শাস্তি চলমান রয়েছে কিনা তা অবিলম্বে সংস্থাপন-১ শাখাকে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১৪. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
১৫. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৬. ব্যক্তিগত নথি।

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd